ভারত–বাংলাদেশ নিরাপত্তা আলোচনা অজিত দোভালকে ঢাকায় আমন্ত্রণ



সংগৃহীত ছবি

ভারতের নয়াদিল্লিতে বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান এবং ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের মধ্যে গুরুত্বপূর্ণ এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৯ নভেম্বর) সকালে হওয়া এই বৈঠকে দুই দেশের নিরাপত্তা সহযোগিতা, আঞ্চলিক পরিস্থিতি এবং ভবিষ্যৎ সমন্বয়ের নানা দিক নিয়ে বিস্তারিত কথা হয়।

বৈঠকে কলম্বো সিকিউরিটি কনক্লেভ (সিএসসি)–এর অগ্রগতি ও যৌথ কর্মপরিকল্পনাও পর্যালোচনা করা হয়। আলোচনার সময় বাংলাদেশের নিরাপত্তা উপদেষ্টা দোভালকে তাঁর সুবিধাজনক সময়ে ঢাকা সফর করার আহ্বান জানান।

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর এটি দিল্লিতে উপদেষ্টা পর্যায়ের দ্বিতীয় সফর। এর আগে গত ফেব্রুয়ারিতে ইন্ডিয়া এনার্জি উইকে যোগ দিতে জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান ভারত সফর করেছিলেন।

LENS ASIA